

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৭৫৩

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ৮. প্রথম অনুচ্ছেদ - নাম রাখা

بَابُ الْأَسَامِيْ

আরবী

وَعَن سَمُرَةَ بْنِ جُنْدُبٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسلم: لَا تسمين غُلَاما يسارا وَلَا رباحا ولانجيحا وَلَا أَفْلَحَ فَإِنَّكَ تَقُولُ: أَثَمَّ هُوَ؟ فَلَا يَكُونُ فَيَقُولُ لَا رَوَاهُ مُسْلِمٌ. وَفِي رِوَايَةٍ لَهُ قَالَ: «لَا تسم غُلَاما رَبَاحًا وَلَا يَسَارًا وَلَا أَفْلَحَ وَلَا نَافِعًا»

বাংলা

৪৭৫৩-[8] সামুরাহ্ ইবনু জুনদুব (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তুমি কখনো তোমাদের "গোলাম" (সন্তান)-এর নাম 'ইয়াসার', 'রবাহ', 'নাজীহ' ও 'আফলাহ' রেখ না। কেননা যখন তুমি তার নাম ধরে ডাকবে, আর সে উপস্থিত থাকবে না, তখন কেউ বলবে "নেই"। (মুসলিম)[1]

মুসলিম-এর অপর বর্ণনায় রয়েছে, তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ তুমি তোমার গোলামের নাম 'রবাহ', 'ইয়াসার', 'আফলাহ' কিংবা নাফি' নাম রেখ না।

ফুটনোট

[1] সহীহ: মুসলিম ১১-(২১৩৬), আহমাদ ২০২৪৪, সহীহ ইবনু হিব্বান ৫৮৩৮, আল মুজামুল কাবীর লিত্ব ত্বারানী ৬৬৫২, আস্ সুনানুল কুবরা লিল বায়হাকী ১৯৭৮৮, মুসান্নাফ ইবনু আবূ শায়বাহ্ ২৬৮৯৭, ইরওয়াউল গালীল ৪/৪০৭ পৃঃ, সহীহ আত্ তারগীব ওয়াত্ তারহীব ১৯৭৮, আবূ দাউদ ৪৯৫৮, তিরমিয়ী ২৮৩৬, ইবনু মাজাহ ৩৬৩০।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ আমাদের সন্তানের নাম نجيح ، افلح، نافع، يسار، رباح নাজীহ, আফলাহ, নাফি', ইয়াসার, রবাহ) ইত্যাদি ও এ জাতীয় অর্থবোধক নাম রাখা থেকে বিরত থাকব। ইমাম নাবাবী মুসলিমের শারহাতে বলেছেন, আমাদের



সঙ্গীরা এ জাতীয় নাম রাখা অপছন্দ করেন। (মিরক্বাতুল মাফাতীহ) [সম্পাদক]

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ সামুরাহ ইবনু জুনদুব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন